# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ৩৬তম (২০২২-২০২৩ অর্থ বছরের ৭ম) সভার কার্যবিবরণী।**

১১ জুন, ২০২৩ তারিখ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল)(অতি: দায়িত্ব) এবং ইনোভেশন অফিসার জনাব কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২. | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩. | জনাব এস.এম. সোহেল আহাম্মদ | হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪. | জনাব মোহাম্মদ জাকির হোসেন | কর্মচারী প্রধান ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫. | প্রকৌ: সুদীপ মজুমদার পিইঞ্জ | মহাব্যবস্থাপক(এমটিএস), এমটিএস বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬. | জনাব মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭. | জনাব মোঃ মেফতাউল ইসলাম | বিভাগীয় প্রধান, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮. | জনাব কাজী আশরাফুল ইসলাম | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৯. | প্রকৌ. মোঃ নূরুল ইসলাম | মহাব্যবস্থাপক(এমটিএস), এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভা শুরু করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ বিগত ২৮ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির ৬ষ্ঠ (নিয়মিত ৩৫তম) সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য অনুরোধ করেন। সংশোধনীসহ সভাপতি মহোদয় কার্যবিবরণী অনুমোদন করেন।

৩.০ সভায় এ পর্যায়ে সদস্য সচিব বিগত সভার বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্যাদি সভাকে নিম্নোক্তভাবে অবহিত করেনঃ

আলোচনা:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৪.১ | সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত |
| ৪.২ | স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লি. হতে সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তা এবং বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ হতে ৪-৫ জন কর্মকর্তাকে কার্যকরিভাবে প্রয়োগের জন্য বিসিআইসির মনিটরিং কমিটির সমন্বয়ে আগামী ০৮/০৬/২০২৩ এর মধ্যে একটি সভা আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে: ১.সদস্য সচিব, ইনোভেশন কমিটি, ২.প্রধান প্রকৌশলী(এমটিএস), ৩.মহাব্যবস্থাপক(আরপিডি), ৪.মহাব্যবস্থাপক(পরিকল্পনা বিভাগ), বিসিআইসি | সভাটি ০৭/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| ৪.৩ | টিএসপিসিএল এর জনাব মো: আতাউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক কারখানার মিলিং-২ প্ল্যান্টে ব্যাগ ফিল্টার স্থাপন শিরোনামের ইনোভেশন সেবা হিসেবে এবং "online এ BISF এর পণ্য বিক্রয়" শিরোনামে নাগরিক সেবা হিসেবে সিটিজেন চার্টার এ অর্ন্তভুক্ত করার জন্য সিটিজেন চার্টার প্রস্তুতকারী কমিটিকে পুনরায় অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে এবং নির্ধারিত সময়ের পূর্বে এর অন্তর্ভূক্তি নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি ও আহবায়ক সিটিজেন চার্টার কমিটি, বিসিআইসি। | গত ০৪/০৬/২০২৩ তারিখে চীফ অব পার্সোনেল এর দপ্তরে সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পত্র দেয়া হয়েছে। |

| ক্রমিক নং | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৪.৪ | উদ্ভাবনী ধারণা প্রস্তাবকারী সকল সদস্যকে letter of appreciation সনদ আগামী প্রশিক্ষণ কর্মসূচির মধ্যে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | letter of appreciation সনদ অনুমোদিত হয়েছে। পরবর্তী প্রশিক্ষণের সময় প্রদান করা হবে। |
| ৪.৫ | কমিটি কর্তৃক পরিদর্শনকৃত ৪টি উদ্ভাবনী ধারণার পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত কমিটির রিপোর্ট ২-১ দিনের মধ্যে ইনোভেশন কমিটির নিকট পেশ করতে হবে।<br>ক। জনাব সেন সুখেন চন্দ্র, মহাব্যবস্থাপক(অপারেশন), টিএসপি কমপ্লেক্স এর এসএ-২ প্ল্যান্টের সেকেন্ড ইকনোমাইজার আউটলেট গ্যাসের তাপমাত্রা নিয়ন্ত্রণ, ডেমি ওয়াটার ড্রেনরোধসহ মাল্টিপল বেনিফিট অর্জন।<br>খ। জনাব তরিকুল আলম, সহকারী প্রকৌশলী, যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর 3D Printing Technology ব্যবহারের মাধ্যমে High Voltage Panel (6.6kv) এ ব্যবহৃত অকেজো 86 Lockout Relay সমূহ পুন:ব্যবহার যোগ্য করে তোলা।<br>গ। জনাব মুহাম্মদ আসাদুজ্জামান, উপ-প্রধান রসায়নবিদ শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর ইউরিয়া ও এ্যামোনিয়া প্ল্যান্ট থেকে সরবরাহকৃত Process Condensate লাইনে ওয়াটার কুলার স্থাপন করা।<br>ঘ। কাজী মাসউদুর রহমান, উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএপিএফসিএল, রাঙ্গাদিয়া, চট্টগ্রাম এর প্ল্যান্ট-১ এর প্রাইমারী স্ক্রীন (S-251) Control System Modification করেন।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ১১/০৬/২০২৩ তারিখের সভায় বিষয়টি উপস্থাপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৪.৬ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনার উপর কর্মশালা গত ১১/০৫/২০০৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত বিষয়ে ১৩টি গ্রুপ প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাব যাচাই বাছাই করে ১টি পূর্ণাঙ্গ গ্রুপ প্রস্তাব প্রাপ্তির জন্য নিম্নরূপ কমিটি গঠন হলো। উক্ত কমিটি বিসিআইসি'র জন্য প্রযোজ্য সুপারিশসমূহ একত্রিত করে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের নিকট পেশ করার জন্য ইনোভেশন কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন।<br>প্রধান প্রকৌশলী(এমটিএস) - আহ্বায়ক<br>মহাব্যবস্থাপক(আরপিডি) - সদস্য<br>মহাব্যবস্থাপক(পরিকল্পনা বিভাগ) - সদস্য<br>মহাব্যবস্থাপক(উৎপাদন বিভাগ) - সদস্য<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | গত ০৬/০৬/২০২৩ তারিখে সংশ্লিষ্টগণদের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পত্র দেয়া হয়েছে। |
| ৪.৭ | "ধারাবাহিক উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বিসিআইসি এর কারখানাগুলোতে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি ব্যবহারের চ্যালেঞ্জ ও সম্ভাবনা" শিরোনামের উপর আগামী জুনের মধ্যে একটি ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: ১.সদস্য সচিব, ইনোভেশন কমিটি, মহাব্যবস্থাপক(পরিকল্পনা বিভাগ) ,বিসিআইসি। | কার্যক্রম চলমান রয়েছে। |
| ৪.৮ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ নিয়ে আলোচনা হয়। এ ব্যাপারে সভাপতি পূর্ব থেকে প্রস্তুতি নিতে সবাইকে অনুরোধ করেন। একই সাথে সংস্থার সকল প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদ আছে কিনা তা সদস্য সচিব, ইনোভেশন কমিটি নিশ্চিত করবেন।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ওয়েবসাইট হালনাগাদ আছে। |

৩.১ গত সভার সিদ্ধান্ত ৪.২ এর বিষয়ে ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জানান যে, স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি ব্যবহারের জন্য উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লি. এবং বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ এবং বিসিআইসি'র কমিটির সমন্বয়ে গত ০৭/০৬/২০২৩ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ এবং উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লি এর প্রতিনিধিরা ন্যাশনাল টিউবস পরিদর্শন করেছেন। বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ জানিয়েছে যে, ন্যাশনাল টিউবস থেকে সংশ্লিষ্ট কর্মকর্তা এসে বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ এ কীভাবে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে সে বিষয়ে পরামর্শ প্রদান করলে তারা পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

৩.২ উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লি. কোন মতামত দেয়নি। প্রকৌ: সুদীপ মজুমদার পিইঞ্জ, মহাব্যবস্থাপক(এমটিএস), এমটিএস বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম জানান যে, স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি ব্যবহার করে গ্যাসের ব্যবহার ইকোনোমাইজ করতে হবে। পরিচালক(উৎপাদন ও গবেষণা) জানান যে, যেখানে প্রযুক্তিটি নাই সেখানে প্রয়োগ করতে হবে।

৩.৩ গত সভার সিদ্ধান্ত ৪.৩ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, টিএসপিসিএল এর জনাব মো: আতাউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক কারখানার মিলিং-২ প্ল্যান্টে ব্যাগ ফিল্টার স্থাপন শিরোনামের ইনোভেশন সেবা হিসেবে এবং "online এ BISF এর পণ্য বিক্রয়" শিরোনামে নাগরিক সেবা হিসেবে সিটিজেন চার্টার এ অর্ন্তভুক্ত করার জন্য সিটিজেন চার্টার প্রস্তুতকারী কমিটিকে পুনরায় অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে। সিটিজেন চার্টারের উপর কোন সভা হয় নাই। সভা হলে সিটিজেন চার্টার এ অর্ন্তভুক্ত হয়ে যাবে। এ বিষয়ে সভাপতি মহোদয় একমত পোষণ করেন।

৩.৪ গত সভার সিদ্ধান্ত ৪.৪ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, উদ্ভাবনী ধারণা প্রস্তাবকারী সকল সদস্যকে letter of appreciation সনদ আগামী প্রশিক্ষণের তারিখ ঠিক হলে দেয়া হবে। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.৫ গত সভার সিদ্ধান্ত ৪.৫ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, ৪টি উদ্ভাবনী ধারণা কমিটি কর্তৃক পরিদর্শন করা হয়েছে। সভাপতি মহোদয় জানান যে, ৪টি উদ্ভাবনী ধারণা cost saving এর পাশাপাশি value add এবং time saving হচ্ছে কিনা কমিটির নিকট জানতে চান। কমিটির সদস্য জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম জানান যে, ৪টি উদ্ভাবনী ধারণা পরিদর্শন করা হয়েছে। তথ্য-উপাত্ত সংগ্রহ করে দেখা গেছে যে, ৪টি উদ্ভাবনী ধারণাই cost saving এর পাশাপাশি value add এবং time saving হচ্ছে। পরিচালক(উৎপাদন ও গবেষণা) জানান যে, ৪টি উদ্ভাবনী ধারণাকে পুরস্কার দেয়া যেতে পারে। পুরস্কারের ক্রম নিম্নোক্ত ভাবে হতে পারে:

(১) জনাব তরিকুল আলম, সহকারী প্রকৌশলী, যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর 3D Printing Technology ব্যবহারের মাধ্যমে High Voltage Panel (6.6kv) এ ব্যবহৃত অকেজো 86 Lockout Relay সমূহ পুন:ব্যবহার যোগ্য করে তোলা।

(২) জনাব মুহাম্মদ আসাদুজ্জামান, উপ-প্রধান রসায়নবিদ শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর ইউরিয়া ও এ্যামোনিয়া প্ল্যান্ট থেকে সরবরাহকৃত Process Condensate লাইনে ওয়াটার কুলার স্থাপন করা।

(৩) জনাব সেন সুখেন চন্দ্র, মহাব্যবস্থাপক(অপারেশন), টিএসপি কমপ্লেক্স এর এসএ-২ প্ল্যান্টের সেকেন্ড ইকোনোমাইজার আউটলেট গ্যাসের তাপমাত্রা নিয়ন্ত্রণ, ডেমি ওয়াটার ড্রেনরোধসহ মাল্টিপল বেনিফিট অর্জন।

(৪) কাজী মাসউদুর রহমান, উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএপিএফসিএল, রাঙ্গাদিয়া, চট্টগ্রাম এর প্ল্যান্ট-১ এর প্রাইমারী স্ক্রীন (S-251) Control System Modification করেন।

৩.৬ তিনি আরো জানান যে, যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর 3D Printing Technology উদ্ভাবনী ধারণাটি পরবর্তীতে মন্ত্রণালয়ের রেটিং এর জন্য পাঠানো যেতে পারে। সভায় এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। সভাপতি মহোদয় জানান যে, যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর 3D Printing Technology 4IR এ প্রয়োগ করা যেতে পারে। তিনি আরো জানান যে, সার রিলেটেড কাজগুলোকে সেবা হিসেবে বিবেচনা করতে হবে।

৩.৭ গত সভার সিদ্ধান্ত ৪.৬ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনায় মোট ১১টি সুপারিশ নির্ধারণ করা হয়েছে। কমিটির ফাইনাল রিপোর্ট এখনো পাওয়া যায় নাই। সুপারিশগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয়ের নির্দেশনায় সুপারিশগুলো সংশোধনপূর্বক ১টি পূর্ণাঙ্গ প্রস্তাব উক্ত কমিটি সংস্থার চেয়ারম্যান মহোদয়ের নিকট পেশ করার জন্য ইনোভেশন কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন।

৩.৮ গত সভার সিদ্ধান্ত ৪.৭ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, "ধারাবাহিক উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বিসিআইসি এর কারখানাগুলোতে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি ব্যবহারের চ্যালেঞ্জ ও সম্ভাবনা" শিরোনামের উপর জুনের মধ্যে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। সভায় জুনের মধ্যে একটি ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। পরিচালক(উৎপাদন ও গবেষণা) জানান যে, প্রতি কারখানা থেকে মহাব্যবস্থাপক(অপারেশন), মহাব্যবস্থাপক(এমটিএস) এবং মহাব্যবস্থাপক(টেকনিক্যাল)সহ ৫ জন করে প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া যেতে পারে। তিনি আরো জানান যে, টিআইসিআই এর সকল প্রশিক্ষণে 4IR অন্তর্ভুক্ত থাকতে হবে।

৩.৯ গত সভার সিদ্ধান্ত ৪.৮ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, সকল প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদ হচ্ছে। সভাপতি মহোদয় ওয়েবসাইটগুলো হালনাগাদ হচ্ছে কিনা দেখতে চান। এ পর্যায়ে জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ ওয়েবসাইটগুলো হালনাগাদ অবস্থা উপস্থাপন করেন। সভায় কারখানা সংশ্লিষ্ট টেন্ডার সংশ্লিষ্ট কারখানার ওয়েবসাইটে প্রকাশের জন্য একমত পোষণ করা হয়।

৪. **<u>সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:</u>**

৪.১) সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.২) স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি ব্যবহারের জন্য ন্যাশনাল টিউবস থেকে সংশ্লিষ্ট কর্মকর্তা এসে বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ এ কীভাবে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে সে বিষয়ে পরামর্শ প্রদান করলে তারা পদক্ষেপ গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৩) উদ্ভাবনী ধারণা প্রস্তাবকারী সকল সদস্যকে letter of appreciation সনদ আগামী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৪) নিম্নোক্ত ৪টি উদ্ভাবনী ধারণাকে পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুরস্কারের ক্রম নিম্নোক্তভাবে হবে:

(১) জনাব তরিকুল আলম, সহকারী প্রকৌশলী, যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর 3D Printing Technology ব্যবহারের মাধ্যমে High Voltage Panel (6.6kv) এ ব্যবহৃত অকেজো 86 Lockout Relay সমূহ পুন:ব্যবহার যোগ্য করে তোলা।

(২) জনাব মুহাম্মদ আসাদুজ্জামান, উপ-প্রধান রসায়নবিদ শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর ইউরিয়া ও এ্যামোনিয়া প্ল্যান্ট থেকে সরবরাহকৃত Process Condensate লাইনে ওয়াটার কুলার স্থাপন করা।

(৩) জনাব সেন সুখেন চন্দ্র, মহাব্যবস্থাপক(অপারেশন), টিএসপি কমপ্লেক্স এর এসএ-২ প্ল্যান্টের সেকেন্ড ইকনোমাইজার আউটলেটে গ্যাসের তাপমাত্রা নিয়ন্ত্রণ, ডেমি ওয়াটার ড্রেনরোধসহ মাল্টিপল বেনিফিট অর্জন।

(৪) কাজী মাসউদুর রহমান, উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএপিএফসিএল, রাঙ্গাদিয়া, চট্টগ্রাম এর প্ল্যান্ট-১ এর প্রাইমারী স্ক্রীন (S-251) Control System Modification করেন।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৫) ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় প্রণীত কর্মপরিকল্পনায় মোট ১১টি সুপারিশ সংশোধনপূর্বক ১টি পূর্ণাঙ্গ প্রস্তাব উক্ত কমিটি সংস্থার চেয়ারম্যান মহোদয়ের নিকট পেশ করার জন্য ইনোভেশন কর্মকর্তার নিকট আগামী ২০/০৬/২০২৩ তারিখের মধ্যে উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৬) "ধারাবাহিক উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বিসিআইসি এর কারখানাগুলোতে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি ব্যবহারের চ্যালেঞ্জ ও সম্ভাবনা" শিরোনামের উপর আগামী ২২/০৬/২০২৩ তারিখের মধ্যে একটি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: ১.সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।
২. জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি।

৪.৭) সকল কারখানা/প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। কারখানা সংশ্লিষ্ট টেন্ডার সংশ্লিষ্ট কারখানার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৮) কারখানাসমূহকে ডি-নথি ব্যবহার করে ছোটছোট ফাইলগুলো প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতিঃ দায়িত্ব)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।